

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারি ১৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০৩৩.১৯.২৭৯—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ১৩ নভেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন; তারিখ : ০২-০৪-২০০৮ এবং ১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ : ১৪-০৩-২০১২ এর উল্লিখিত সারের উপাদান ও পরিমাণের বিনির্দেশ যথাযথ অনুসরণ করার শর্তে “Matir Pusti Organic Fertilizer” নামীয় জৈব সারটির আবেদনকারী প্রতিষ্ঠান : অর্গানিকা এগ্রো, গ্রাম : বিপ্রপর্তা (মধ্যপাড়া), ডাকঘর : কাউলচা, ওয়ার্ড নং ২১, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর এর অনুকূলে নিম্নবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলীর আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হলো :

১. বিনির্দেশ :

কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন তারিখ : ০২-০৪-২০০৮ এবং নং ১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ : ১৪-০৩-২০১২ মোতাবেক জারিকৃত বর্ণিত জৈব সারের সরকার অনুমোদিত বিনির্দেশ এর সাথে ল্যাবরেটরি পরীক্ষার ফলাফল সজাতিপূর্ণ হওয়ায় ডেডস উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে।

২. শর্তাবলী :

(ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তার গায়ে লেবেল লাগাইতে হইবে।

(১৩১১)

মূল্য : টাকা ৪.০০

- (খ) লেবেলে নিম্নেবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা :—
- (i) সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে);
 - (ii) সারের বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার;
 - (iii) সারের নীট ওজন;
 - (iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম;
 - (v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);
 - (vi) উৎপাদনের তারিখ; এবং
 - (vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।
- (গ) খোলা অবস্থায় অনুজীব সার বাজারজাত করা যাইবেনা;
- (ঘ) মোড়কজাত করিয়া বিক্রি করিতে হইবে;
- (ঙ) মোড়কজাত (লেবেলসহ) এর নমুনা জাতীয় সার প্রমিতকরণ কমিটি'র আগামী সভায় উপস্থাপন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ তোফাজ্জল হোসেন
যুগ্মসচিব।